

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৮

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৮. যে ব্যক্তি ভুল হবার আশঙ্কায় ফতওয়া দেয়াকে ভয় পায়

بَابُ مَنْ هَابَ الْفُتْيَا مَخَافَةَ السَّقَطِ

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ عُمرَ، أَنبَأَنَا ابْنُ عَوْنٍ، عَنْ مُسْلِمٍ أَبِي عَبْدِ اللَّهِ، عَنْ إِبْرَاهِيمَ التَّيْمِيِّ، عَنْ أَبِيهِ، عَنْ عَمْرِو بْنِ مَيْمُونٍ، قَالَ: كُنْتُ لَا تَفُوتُنِي عَشِيَّةُ خَمِيسٍ إِلَّا وَآتِي فِيهَا عَبْدُ اللَّهِ بْنُ مَسْعُودٍ رَضِيَ اللَّهُ عَنْهُ، فَمَا سَمِعْتُهُ يَقُولُ لَشَيْءٍ، قَطُّ: قَالَ رَسُولُ اللَّهِ، حَتَّى كَانَتْ ذَاتُ عَشِيَّةٍ فَقَالَ: «قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ» قَالَ: " فَاعْرُورِقَتْ عَيْنَاهُ وَانْتَفَخَتْ أَوْدَاجُهُ، فَأَنَا رَأَيْتُهُ مَحْلُولَةً أَزْرَارُهُ، وَقَالَ: «أَوْ مِثْلُهُ، أَوْ نَحْوُهُ، أَوْ شَبِيهَهُ بِهِ

إِسْنَادُهُ صَحِيحٌ

বাংলা

২৭৮. আমার ইবনু মাইমুন বলেন, আব্দুল্লাহ ইবনু মাসউদ রাদিয়াল্লাহু আনহু'র সাক্ষ্যকালীন সমাবেশ কখনো আমার হাতছাড়া হয়নি। আর আমি তাকে কোনো বিষয়ে কখনো বলতে শুনি নি 'রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন'। কিন্তু একদিন সন্ধ্যায় যখন তিনি বলে ফেললেন, 'রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন', আমার ইবনু মাইমুন বলেন, তখন তার দু'চোখ অশ্রু প্লাবিত হয়ে গেলো এবং (ভয়ে) ঘাড়ের শাহরগ স্ফীত হয়ে উঠল। তখন আমি লক্ষ্য করলাম, তার জামার বোতাম খোলা ছিল। আর তিনি বলছেন: 'অথবা এর অনুরূপ' কিংবা 'এর মত' কিংবা এ জাতীয় (কথা তিনি বলেছেন)।'[1]

ফুটনোট

[1] এর সনদ সহীহ।

তাখরীজ: ইবনু আবী শাইবা, আল মুহাম্মাফ ৮/৭৫৩-৭৫৪ নং ৬২৭৩; ইবনু মাজাহ, মুকাদ্দামাহ ২৩; বুসীরী

মিহ্বাহুয যুজাজাহতে বলেন: এর সনদ সহীহ, এর সকল রিওয়ায়েতের উপর ইমাম বুখারী ও ইমাম মুসলিম নির্ভর করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69589>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন